গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
পানি সম্পদ মন্ত্রণালয়
৭২ গ্রীন রোড, ঢাকা
www.dbhwd.gov.bd

**বিষয় : বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের এপিএ কমিটির মাসিক (জুলাই/২০২০) সভার কার্যবিবরণী।**

১৬ জুলাই, ২০২০ সকাল ১১.০০ ঘটিকায় বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের (বাহাজউঅ) এপিএ ব্যবস্থাপনা কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক মো: মাশুক মিয়া। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং এ অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে উপস্থাপন করার জন্য এ অধিদপ্তরের ফোকাল পয়েন্ট কর্মকর্তা পরিচালক (কৃষি, পানি ও পরিবেশ) কে আহবান জানান। ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, ইতোমধ্যে ২০২০-২১ অর্থ বৎসরের এপিএ খসড়া পরিকল্পনা তৈয়ার করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং চূড়ান্ত খসড়া শীঘ্রই প্রেরণ করতে হবে। তিনি অধিদপ্তরের কৌশলগত কার্যক্রম ও আবশ্যিক বিষয়গুলো সম্পর্কে সকলের দৃষ্টি আকর্ষণ করেন এবং খসড়া পরিকল্পনাটিতে সভার অনুমোদন প্রয়োজন রয়েছে বলে অবহিত করেন। সভাকে আরও অবহিত করেন যে, গত বৎসরের মত এ বৎসর ও কৌশলগত বিভাগীয় কার্যক্রমের জন্য সূচকের মান ৭৫ এবং আবশ্যিক কৌশলগত বিয়য়ে সূচকের মান ২৫ রাখা হয়েছে। মহাপরিচালক, জানান যে, এপিএ কার্যক্রম শতকরা ১০০ ভাগ অর্জনের লক্ষ্যে সকলের প্রচেষ্টা থাকা দরকার। তিনি খসড়া এপিএ এর বিষয়গুলো নিয়ে আলোচনা করেন এবং এ অধিদপ্তরের এপিএ বাস্তবায়নের জন্য এ বৎসরের শুরু থেকে সকলকে তৎপর হওয়ার জন্য অনুরোধ করেন।

পরিশেষে নিম্নলিখিত বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়ঃ
১। এপিএ ২০২০-২১ অনুমোদন করা হল।
২। এপিএ বাস্তবায়নে সকলকে সচেষ্ট থাকতে হবে।

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬/৭/২০২০
( মো: মাশুক মিয়া)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ০২-৪৪৮১৯০৭৪
ফ্যাক্স: ০২-৪৪৮১৯০৭৩
ই-মেইল: haorbd@gmail.com

স্মারক নং: ৪২.০৪.০০০০.০০১.১৬.৩৩১.১৬-২৫৬/১
তারিখ : ১৬-০৭-২০২০ খ্রিঃ

অনুলিপি ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয় ) :-

১। পরিচালক (সকল), বাংলাদেশ হাওর জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
২। উপ-পরিচালক (সকল), বাংলাদেশ হাওর জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
৩। সহকারী পরিচালক (সকল), বাংলাদেশ হাওর জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
৪। জনাব মোহাঃ ইউসুফ হারুন খান, প্রোগ্রামার, আইসিটি শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাহাজউঅ, ৭২ গ্রীন রোড, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
৬। অফিস কপি

১৬/৭/২০২০
(ড. মোঃ রুহুল আমিন)
পরিচালক (কৃষি, পানি ও পরিবেশ) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
ফোনঃ ০২-৪৪৮১৯০৭৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
পানি সম্পদ মন্ত্রণালয়
৭২ গ্রীন রোড, ঢাকা
www.dbhwd.gov.bd

**বিষয় : বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের এপিএ ব্যবস্থাপনা কমিটির মাসিক সভার (আগষ্ট/২০২০)কার্যবিবরণী।**

বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা কমিটির আগষ্ট/২০২০ মাসের সভা ২৭/০৮/২০২০ বিকাল ২.০০ ঘটিকায় অধিদপ্তরের মহাপরিচালকের সভাপতিত্বে তাঁহার অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

সভার শুরুতে তিনি সকলকে স্বাগত জানান এবং গত জুলাই/২০ মাসের কার্যবিবরণী সকলের সম্মতিক্রমে অনুমোদন করা হয়। কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা পরিচালক (কৃষি, পানি ও পরিবেশ) জানান যে, ইতোমধ্যে ২০২০-২১ সালের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি গত ২৩ জুলাই/২০২০ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ও এ অধিদপ্তরের মহাপরিচালকের সাথে সম্পাদিত হয়েছে। কমিটির সভাপতি সম্পাদিত চুক্তির প্রত্যেকটি বিষয় আলোচনা করেন এবং সকল সদস্যের দৃষ্টিগোচর করেন। তিনি কৌশলগত কার্যক্রম এবং আবশ্যিক কার্যগুলো গুরুত্বের সাথে যথাযথ সময়ে সম্পাদন করার জন্য আহবান করেন। তিনি অধিদপ্তরের ই-ফাইলিং ব্যবহার, তথ্য বাতায়ন, সেবা প্রদান প্রতিশ্রুতি হাল নাগাদ করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেন।

সভাশেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ
১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির প্রত্যেকটি বিষয় যথাযথ গুরুত্বের সাথে সম্পাদন করতে হবে। প্রত্যেকটি বিষয় সম্পাদনের পর ওয়েব সাইটে আপলোড করতে হবে।
২। অধিদপ্তরের প্রত্যেক শাখা/বিভাগে ই-ফাইলিং এর মাধ্যমে নথি কার্যক্রম সম্পাদন করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

( মো: মাশুক মিয়া)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ০২-৪৪৮১৯০৭৪
ফ্যাক্স: ০২-৪৪৮১৯০৭৩
ই-মেইল: haorbd@gmail.com

স্মারক নং: ৪২.০৪.০০০০.০০১.১৬.৩৩১.১৬-৩৩০
তারিখ : ২৭-০৮-২০২০ খ্রিঃ

অনুলিপি ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয় ) :-

১। পরিচালক (সকল), বাংলাদেশ হাওর জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
২। উপ-পরিচালক (সকল), বাংলাদেশ হাওর জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
৩। সহকারী পরিচালক (সকল), বাংলাদেশ হাওর জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
৪। জনাব মোহাঃ ইউসুফ হারুন খান, প্রোগ্রামার, আইসিটি শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাহাজউঅ, ৭২ গ্রীন রোড, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
৬। অফিস কপি

২৭/৮/২০২০
(ড. মোঃ রুহুল আমিন)
পরিচালক (কৃষি, পানি ও পরিবেশ) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
ফোনঃ ০২-৪৪৮১৯০৭৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পানি সম্পদ মন্ত্রণালয়

বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

পরিবেশ শাখা

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের এপিএ ব্যবস্থাপনা কমিটির মাসিক সভার (সেপ্টেম্বর/২০২০)কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মাশুক মিয়া<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২৮ সেপ্টেম্বর, ২০২০, সোমবার |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | বাহাজউঅ সভাকক্ষ |
| উপস্থিতি | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো |

সভার শুরুতে তিনি সকলকে স্বাগত জানান এবং গত আগষ্ট/২০ মাসের কার্যবিবরণী সকলের সম্মতিক্রমে অনুমোদন করা হয়। কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা পরিচালক (কৃষি, পানি ও পরিবেশ) জানান যে, এ অধিদপ্তরের এপিএ এর কৌশলগত কার্যক্রম ও আবশ্যিক বিষয় গুলোর বাস্তবায়ন শুরু হয়েছে। ইতোমধ্যে গত অর্থ বছরের এপিএ এর মূল্যায়ন সভা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়েছে। কার্যক্রমের প্রমানক দাখিল করার জন্য এ বৎসর বেশী গুরুত্ব দেয়া হয়েছে। ভবিষৎতে এপিএতে উল্লিখিত সকল কাজের প্রমানক সংরক্ষণের ব্যবস্থা রাখতে হবে। নতুবা সংশ্লিষ্ট বিষয়ে কোন নম্বর পাওয়া যাবে না। মহাপরিচালক ২০২০-২১ এপিএ পরিকল্পনায় প্রত্যেকটি বিষয়ে আলোচনা করেন এবং বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে অবহিত হন। তিনি ই-ফাইলিং বিষয়ে সকলকে সচেষ্ট হওয়ার জন্য আহবান জানান এবং সকল কাজের প্রমাণক আলাদা ফাইলে সংরক্ষণের জন্য নির্দেশনা দেন। তিনি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন (জুলাই-সেপ্টেম্বর/২০) বাস্তব অগ্রগতিসহ নির্দিষ্ট তারিখের মধ্যে অনলাইনে দাখিল করার জন্য নির্দেশনা দেন।

আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১। অধিদপ্তরের প্রত্যেক শাখার ডাক, নোট ইত্যাদি ই-ফাইলের মাধ্যমে নিষ্পত্তি করতে হবে।

২। কমপক্ষে একটি ডিজিটাল সেবা চালু করতে হবে।

৩। এপিএ, শুদ্ধাচার এর কর্মপরিকল্পনায় উল্লিখিত কাজের সকল প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

৪।৪।অভ্যন্তরীন প্রশিক্ষনে এপিএ, শুদ্ধাচার এর বিষয় অন্তর্ভূক্ত করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মাশুক মিয়া
মহাপরিচালক

স্মারক নম্বর: ৪২.০৪.০০০০.০০৪.১৬.০০১.২০.৩৫

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৭
০৪ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক, কৃষি, পানি ও পরিবেশ বিভাগ , বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

২) পরিচালক, পরিকল্পনা, আইসিটি বিভাগ , বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

৩) পরিচালক, প্রশাসন ও অর্থ বিভাগ , বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

৪) উপ-পরিচালক, কৃষি, পানি ও পরিবেশ অনুবিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

৫) উপ-পরিচালক , পরিকল্পনা অনুবিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

৬) প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়

৭) সহকারী পরিচালক, পরিকল্পনা ও পরিবীক্ষণ শাখা , বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

৮) সহকারী পরিচালক , প্রশাসন শাখা , বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

৯) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

মোঃ মাশুক মিয়া
মহাপরিচালক